



মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর

www.jessoreboard.gov.bd

স্মারক নং -ক/অ/৫৪(০৩)/

তারিখ:

বিষয় : অফিস সহায়ক “জনাব মোঃ শহিদুল ইসলাম” কে স্ব-পদে পুনর্বহালসহ তার বেতন-ভাতাদি প্রদান প্রসঙ্গে।

সূত্র : ক) মহামান্য হাইকোর্টে দায়েরকৃত রীট পিটিশন নং-৪০৭২/২০১৬ এর আদেশ।

খ) মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা এর ৩১-০৭-২০১৭ খ্রি. তারিখের-
৭জি-৩৫১(ক-৩)/০৬/৩৯৯৮/৭ নং স্মারক পত্র।

গ) জনাব মোঃ শহিদুল ইসলাম এর ২৭-০৮-২০১৭ খ্রি. তারিখের আবেদন।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মহামান্য হাইকোর্টে দায়েরকৃত মামলা নং-৪০৭২/১৬ এর ২৫-১০-২০১৬ খ্রি. তারিখের আদেশ এবং মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা এর তদন্ত প্রতিবেদনের আলোকে যশোর জেলার কেশবপুর উপজেলাধীন “হাজী আব্দুল মোতালেব মহিলা কলেজ” এর বরখাস্তকৃত অফিস সহায়ক জনাব মোঃ শহিদুল ইসলামের বরখাস্তদেশ বিধিসম্মত না হওয়ায় তাঁর বরখাস্তের আদেশ প্রত্যাহার করে তাঁকে স্ব-পদে পুনর্বহালসহ বেতন-ভাতাদি বিধিমোতাবেক প্রদান করার জন্য গত ২১-০৮-২০১৭ খ্রি. তারিখে ক/অ/৫৪(০৩)/৬২৫ নং স্মারক পত্রের মাধ্যমে নির্দেশ প্রদান করা হয়। কিন্তু সংশ্লিষ্ট অফিস সহায়ক জনাব মোঃ শহিদুল ইসলামের ২৭-০৮-২০১৭ খ্রি. তারিখের আবেদন হতে জানা যায় যে, কলেজ কর্তৃপক্ষ অদ্যাবধি বোর্ড কর্তৃপক্ষের আদেশ বাস্তবায়ন করেনি যা চাকুরী বিধিমালা (শৃঙ্খলা ও আপীল) ১৯৮৫ এর ২(i) ধারার পরিপন্থী। বর্ণিত অবস্থার প্রেক্ষিতে, আপনার কলেজের বরখাস্তকৃত অফিস সহায়ক জনাব মোঃ শহিদুল ইসলামকে পত্র প্রাপ্তির ০৭ (সাত) কর্মদিবসের মধ্যে স্ব-পদে পুনর্বহাল করে তার প্রাপ্য বেতন-ভাতাদি বিধিমোতাবেক পরিশোধ করার জন্য নির্দেশক্রমে পুনরায় অনুরোধ করা হল।

(অমল কুমার বিশ্বাস)

কলেজ পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড

যশোর

ফোন : ০৪২১-৬৮৬৩৮

অধ্যক্ষ

হাজী আব্দুল মোতালেব মহিলা কলেজ

ডাক ও উপজেলা : কেশবপুর, যশোর।

স্মারক নং-ক/অ/৫৪(০৩)/ ৭৪৪

তারিখ : ০৯/১০/২০১৭

অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরিত হলো :

- ১। সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
- ৩। জেলা প্রশাসক, যশোর।
- ৪। জেলা শিক্ষা অফিসার, যশোর।
- ৫। উপজেলা নির্বাহী অফিসার, কেশবপুর, যশোর।
- ৬। সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর।
- ৭। সভাপতি, গভার্ণিং বডি, হাজী আব্দুল মোতালেব মহিলা কলেজ, ডাক ও উপজেলা : কেশবপুর, যশোর।
- ৮। জনাব মোঃ শহিদুল ইসলাম, অফিস সহায়ক (বরখাস্তকৃত), হাজী আব্দুল মোতালেব মহিলা কলেজ
ডাক ও উপজেলা : কেশবপুর, যশোর।
- ৯। অফিস কপি।

কলেজ পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড

যশোর